পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

## -ঃ ফরম পূরণের বিজ্ঞপ্তি ঃ-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মনোবিজ্ঞান বিভাগের ২০২৪ সালের বি.এস-সি সম্মান পার্ট-৪ পরীক্ষা আগামী ১৬.১১.২০২৫ তারিখ থেকে** শুরু হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য নিম্নলিখিত তারিখ অনুযায়ী পরীক্ষার্থীগণ অনলাইনে ফরম পূরণ করে উক্ত ফরমের প্রিন্ট আউট নিয়ে বিভাগীয় সভাপতি ও হল প্রাধ্যক্ষের স্বাক্ষরসহ ফরমটি অগ্রণী ব্যাংক রা.বি. শাখায় জমা দিবে এবং স্মার্ট আইডি কার্ড এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করবে। অগ্রণী ব্যাংক পরবর্তী কার্যদিবসে ফরমগুলি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে পাঠাবে।

**অনলাইন লিংক ঃ http://103.79.117.242/ru_services/public/login**

ফরম পূরণের তারিখ (জরিমানা ছাড়া) : ০২/১১/২০২৫ – ০৬/১১/২০২৫

ফরম পূরণের তারিখ (জরিমানা সহ) : ১০/১১/২০২৫

পরীক্ষার ফি

| বিবরণ | স্থিতিকাল ৩ ঘন্টা পর্যন্ত | স্থিতিকাল ৩ ঘন্টার উর্দ্ধে |
|---|---|---|
| ১। বি.এস-সি (সম্মান) তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি কোর্স) | ৫০/- টাকা | ৬০/- টাকা |
| ২। বিভাগ/কোর্স উন্নয়ন ফি (প্রতি কোর্স ) | ১০০/- টাকা | ১৫০/- টাকা |
| ৩। ব্যবহারিক পরীক্ষার ফি (যাহার জন্য প্রযোজ্য) বিজ্ঞান/ জীব ও ভূবিজ্ঞান/কৃষি অনুষদ | ২০/- টাকা প্রতি ঘন্টা | |
| ৪। মৌখিক পরীক্ষা | ৫০/- টাকা | |
| ৫। টিউটোরিয়াল পরীক্ষা | ৫০/- | |
| ৬। ননকলেজিয়েট ফি | ৫০০/-টাকা | |
| ৭। জরিমানা ফি | ৫০/- টাকা | |
| ৮। টার্ম পেপার/ইন্টার্নশীপ/ ফিল্ড রিপোর্ট/ রিসার্চ প্রজেক্ট ফি | ৫০ নম্বর পর্যন্ত ৫০/-টাকা ও ৫০ নম্বরের উর্দ্ধে ৭৫/-টাকা | |
| ৯। প্রভিশনাল সার্টিফিকেট | ১০০/- টাকা | |

বিশেষ দ্রষ্টব্যঃ

১। পরীক্ষার ফরম ঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট দলিলাদির সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব বিভাগীয় সভাপতি ও প্রাধ্যক্ষের।

২। পরীক্ষার ফরম পরীক্ষার্থী অনলাইনে নিজে পূরণ করবে। কোন তথ্য ভুল লিখলে অথবা তথ্য না লিখলে সেজন্য পরীক্ষার্থী নিজে দায়ী থাকবে।

৩। পরীক্ষার ফরম পূরণের সময় পরীক্ষার্থীকে সর্বশেষ ভর্তি বা পুনঃভর্তির (যদি পুনঃভর্তি হয়) পেস্লীপ, গ্রেডশীট (কোর্স উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য), বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর কর্তৃক প্রদত্ত পূর্বের পরীক্ষার প্রবেশ পত্র ও রেজিঃ কার্ডের সত্যায়িত অনুলিপি সমূহ ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে।

৪। পরীক্ষার ফরমের শীর্ষে লম্বা আকারে মোটা হরফে লিখা বিভাগীয় সীল ব্যবহার করতে হবে।

৫। কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

30 OCT 2025

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং-২৫৭৩ (১০)/জেশা/পনি

তারিখ: ২৯.১০.২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

১। সভাপতি, মনোবিজ্ঞান বিভাগ, রাবি
২। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় শাখা, রাবি
৩। জনাব শাহীন আকতার জাহান, উপ-রেজিস্ট্রার, পনিদ, রাবি
৪। অফিস নথি

৩০.১০.২৫
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, রাবি

'সজল' তাং- ২৯/১০/২০২৫ (৩৫)

02.11.25